

সরকারি শিক্ষক-কর্মকর্তার সন্তানরা পাবে ‘ইকিউ’ কোটা, নির্বাচিতদের ভর্তিতে চিঠি

নিজস্ব প্রতিবেদক



সরকারি স্কুল-কলেজ ও শিক্ষা অফিসে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও
কর্মচারীদের সন্তানদের জন্য একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়ায়
ইকিউ কোটা (এডুকেশন কোটা) রাখা হয়েছে। এই কোটায়
সিলেকশন প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতে সংশ্লিষ্ট
শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে বিশেষ নির্দেশনা দিয়ে চিঠি দেওয়া হয়েছে।

আজ রবিবার আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি অধ্যাপক
ড. খন্দোকার এহসানুল কবিরের সহি করা এক স্মারকে বিষয়টি
নিশ্চিত করা হয়েছে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির নির্দেশনা মোতাবেক,
২০২৫-২৬ শিক্ষাবর্ষে অনলাইন ভর্তি কার্যক্রমে এই সুবিধার
আওতায় সিলেকশন প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির সুযোগ নিশ্চিত করা
হবে।

এতে বলা হয়েছে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে
শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়ায় ইকিউ কোটায় সিলেকশন প্রাপ্ত
শিক্ষার্থীদের ক্ষেত্রে সরকারি স্কুল, কলেজ, স্কুল অ্যান্ড কলেজ এবং
সরকারি শিক্ষা অফিসে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের
সন্তানরা কোটার সুবিধা পাবে। অনলাইনের মাধ্যমে ভর্তি
কার্যক্রমে এই কোটার সুবিধা প্রযোজ্য হবে।

গত ২৪ জুলাই বাংলাদেশের সব সরকারি ও বেসরকারি কলেজে
একাদশ শ্রেণিতে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নতুন
নীতিমালা প্রকাশ করে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বিভাগ। চলতি ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য
অনলাইনে আবেদন গ্রহণ চলছে।

আবেদন চলবে আগামীকাল সোমবার (১১ আগস্ট) পর্যন্ত।

এরপর প্রথম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে
২০ আগস্ট। নির্বাচিতদের ফল প্রকাশের পরই দ্বিতীয় ও তৃতীয়
পর্যায়েও আবেদন করা যাবে। যাচাই-বাছাই শেষে ভর্তির কাজ
হবে আগামী ৭ সেপ্টেম্বর থেকে ১৪ সেপ্টেম্বরের মধ্যে।

আর একাদশ শ্রেণির ক্লাস শুরু হবে ১৫ সেপ্টেম্বর।